# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

**দরপত্রের নামঃ** ময়মনসিংহ পাওয়ার স্টেশনের ২টি স্টেপ আপ পাওয়ার ট্রান্সফর্মারের এলটি বুশিং গ্যাসকেট ও প্রেশার রিলিফ ডিভাইস পরিবর্তনসহ তেলের লিকেজ সংক্রান্ত সমস্যার সমাধান এবং কনজারভেটর ট্যাংকের লেভেল গেজ পরিবর্তন।

**দরপত্রের পদ্ধতিঃ** কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ)

দরপত্রের সূত্রঃ PUR-009 (MPS/RFQ) 2023-2024, তারিখ: ১৮.০১.২০২৪

দরপত্র জমাদানের শেষ তারিখ: ২৫.০১.২০২৪

**জানুয়ারী-২০২৪**

**স্মারক নং-** ২৭.২৬.৬১৫২.০০৬.১৫.০০২.২৪.০০৯ **তারিখঃ** ১৮.০১.২০২৪

## কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ)

ময়মনসিংহ পাওয়ার স্টেশনের ২টি স্টেপ আপ পাওয়ার ট্রান্সফর্মারের এলটি বুশিং গ্যাসকেট ও প্রেশার রিলিফ ডিভাইস পরিবর্তনসহ তেলের লিকেজ সংক্রান্ত সমস্যার সমাধান এবং কনজারভেটর ট্যাংকের লেভেল গেজ পরিবর্তন কাজের নিমিত্তে যথাযথ যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজ পত্র যেমন-**(১) ট্রেড লাইসেন্স ২) ভ্যাট রেজিঃ/ বিন নাম্বর (১৩ সংখ্যা) এবং (৩) হাল নাগাদ টিআইএন সার্টিফিকেটসহ** প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত করে আগামী ২৫.০১.২০২৪ ইং তারিখের মধ্যে দর প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। কাজের নাম, বিবরণ ও শর্তাবলী নিম্নে দেয়া হলো।

**দরপত্র দাখিল ও সময় সীমাঃ**

আগ্রহী দরদাতাগণকে উপরোক্ত তথ্যাদিসহ প্রধান প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ, ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রলালকু ,ঠি দরবার শরিফ , ময়মনসিংহ, বরাবর আগামী ২৫.০১.২০২৪ ইং তারিখে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে বন্ধ খামের উপর "ময়মনসিংহ পাওয়ার স্টেশনের ২টি স্টেপ আপ পাওয়ার ট্রান্সফর্মারের এলটি বুশিং গ্যাসকেট ও প্রেশার রিলিফ ডিভাইস পরিবর্তনসহ তেলের লিকেজ সংক্রান্ত সমস্যার সমাধান এবং কনজারভেটর ট্যাংকের লেভেল গেজ পরিবর্তন কার্যের দরপত্র" এবং ২৫.০১.২০২৪ ইং তারিখে দুপুর ১২:০০ ঘটিকার আগে খোলা যাবে না" লিখে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ ঘটিকা হতে ৫.০০ ঘটিকা পর্যন্ত) দরপত্র দাখিল করতে হবে। এছাড়া দরপত্র আহ্বানকারীর ইমেইল (email: rtbt123@yahoo.com) মাধ্যমেও দরপত্র প্রেরণ করা যাবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না। ক্রয়তব্য কার্যের জন্য প্রয়োজনীয় তথ্য/স্পেসিফিকেশন সংযুক্ত ফরম-১ এ উল্লেখ করা হয়েছে।

**শর্তাবলীঃ**

**১.০। কার্য সম্পাদনের স্থানঃ** ময়মনসিংহ পাওয়ার স্টেশন, লালকুঠি দরবার শরিফ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

**১.১। দরপ্রস্তাবের মেয়াদঃ** দরপ্রস্তাব দাখিলের শেষ তারিখ/সময় হতে দরপ্রস্তাবের মেয়াদ পরবর্তী ৬০ (ষাট) দিন পর্যন্ত বৈধ থাকতে হবে। দরপত্র প্রদানকারী কর্তৃক প্রদত্ত দর (যদি গৃহীত হয় তবে) চুক্তির সময়কালের জন্য স্থির থাকবে।

**১.২। দর প্রস্তাব দাখিলের ক্ষমতাঃ** দরপ্রস্তাব সংযুক্ত ফরম-১ সঠিকভাবে পূরন করতঃ প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি নাম ও স্বাক্ষরসহ দরপ্রস্তাব দাখিল করতে হবে।

**১.৩। দরপত্র প্রেরণঃ** দরপত্রটি যথাযথ ভাবে পূরণ করে ও অনুমোদিত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠায় যথাযথ ভাবে স্বাক্ষর করে (তারিখসহ) প্রেরণ করতে হবে।

**১.৪। দরপত্রে প্রদত্ত মূল্যঃ** দরপত্রে মুনাফা, পরিবহন খরচ, লেবার চার্জ, ওভারহেডসহ প্রযোজ্য আইনের অধীনে প্রদেয় সমস্ত প্রকারের কর, শুল্ক, ফি এবং অন্যান্য চার্জ অন্তর্ভুক্তিপূর্বক দর প্রদান করতে হবে। দরপত্রে প্রদত্ত দর "টাকা" তে উল্লেখ করতে হবে।

**১.৫। কোটেশন সিকিউরিটিঃ** দরপত্র প্রেরণের জন্য দরপত্রের সাথে কোন সিকিউরিটি অর্থ/জামানত প্রদানের প্রয়োজন নাই।

**১.৬। দরপত্রের সাথে প্রদত্ত দলিলাদিঃ** দরপত্র প্রদানকারীর ক্রয় চুক্তিতে প্রবেশের জন্য আইনী সক্ষমতা থাকতে হবে। সেই সাথে ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিঃ (BIN নম্বর - ১৩ সংখ্যা) সার্টিফিকেট এবং হাল নাগাদ টিআইএন সার্টিফিকেট (এর সত্যায়িত অনুলিপি) সহ প্রয়োজনীয় তথ্যাদি দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

**১.৭। দরপত্র উন্মুক্ত করন ও ইভ্যালুয়েশনঃ** প্রদত্ত দরপত্রসমূহ উন্মুক্তকরনের জন্য কোন Public Opening সম্পন্ন করা হবে না। দরপত্রসমূহ প্রতিষ্ঠানের ইভ্যালুয়েশন কমিটি দ্বারা নিরীক্ষা করা হবে এবং সর্বনিম্ন রেসপন্সিভ দরদাতাকে ক্রয়কার্য সম্পাদনের জন্য ক্রয়াদেশ প্রদান করা হবে। প্রদত্ত দরপত্রে কোন গাণিতিক ত্রুটি থাকলে ইভ্যালুয়েশন কমিটি তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। দরপত্রে উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে।

**২.০। কাজ শুরু এবং সমাপ্তির সময়সীমাঃ** আরপিসিএল হতে কার্যাদেশ প্রদানের তারিখ হতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সকল কার্য সম্পাদন সম্পন্ন করতে হবে।

**৩.০। বিল দাখিলঃ** কার্য সম্পাদন (ফরম-১ অনুসারে) করার পর প্রধান প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ, ময়মনসিংহ পাওয়ার স্টেশন অনুকূলে ১ কপি বিল দাখিল করতে হবে।

**৪.০। বিল পরিশোধঃ** সন্তোষজনক ভাবে (ফরম-১ অনুসারে) কার্য সম্পাদন করার পর ময়মনসিংহ পাওয়ার স্টেশন হতে Acceptance সার্টিফিকেট প্রদানের পর হিসাব খাতে প্রদেয় চেকের মাধ্যমে ১০০% বিল পরিশোধ করা হবে।

**৫.০। ভ্যাট ও ট্যাক্সঃ** সরকারী বিধি মোতাবেক আয়কর উৎসে কর্তন করে বিল পরিশোধ করা হবে এবং কার্য সম্পাদনের পর অবশ্যই মূসক ৬.৩ চালান দাখিল করতে হবে।

**৬.০। অগ্রিম প্রদানঃ** কৃতকার্য দরদাতাকে কোন অগ্রীম প্রদান করা হবে না।

**৭.০। বিলম্বজনিত জরিমানাঃ** কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে মালামাল প্রদান সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য ০.১০% হিসাবে চুক্তি মূল্যের সর্বোচ্চ ১০% জরিমানা বিল হতে কর্তন করা হবে।

**৮.০। বিবিধঃ** চুক্তি সম্পাদনকালীন সময়ে কোন বিরোধ/সমস্যার উদ্ভব হলে চুক্তির শর্তানুযায়ী আরপিসিএল কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

**৯.০।** কোন কারণ ব্যতিরেকে যে কোন দর প্রস্তাব/সকল দরপ্রস্তাব গ্রহন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

**১০.০।** বর্ণিত কার্যের জন্য প্রয়োজনীয় প্রেশার রিলিফ ডিভাইস ও কনজারভেটর ট্যাংকের লেভেল গেজ আরপিসিএল কর্তৃক প্রদান করা হবে। তবে প্রয়োজনীয় গ্যাসকেট, তেলের রিজার্ভার, তেল সেন্ট্রিফিউজিং মেশিন, লোকবল ও টুলস কার্য সম্পাদনকারী কর্তৃক সরবরাহ করতে হবে। প্রতিটি ট্রান্সফর্মারের জন্য সর্বোচ্চ ৬ দিন হিসেবে বর্ণিত সাইট হ্যান্ড ওভারের পরবর্তী ১২ দিনে সম্পন্ন করতে হবে এবং সেন্ট্রিফিউজ পরবর্তী তেলের ডাই-ইলেক্ট্রিক ব্রেকডাউন ভোল্টেজ কমপক্ষে ৪০ (চল্লিশ) কেভি হতে হবে।

| দরপত্র আহবানকারী | দরদাতা |
| --- | --- |
| নামঃ এ. এইচ. এম. রাশেদ<br>প্রধান প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ<br>ময়মনসিংহ পাওয়ার স্টেশন<br>ময়মনসিংহ<br>email: rtbt123@yahoo.com | |

## দরপত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত লেটার-হেড প্যাড ব্যবহার করুন]**

বরাবর,
প্রকৌশলী এ. এইচ. এম. রাশেদ
প্রধান প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ
ময়মনসিংহ পাওয়ার স্টেশন,
লালকুঠি দরবার শরীফ, ময়মনসিংহ।

দরপত্রের সূত্রঃ PUR-009 (MPS/RFQ) 2023-2024, তারিখ: ১৮.০১.২০২৪

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"ময়মনসিংহ পাওয়ার স্টেশনের ২টি স্টেপ আপ পাওয়ার ট্রান্সফর্মারের এলটি বুশিং গ্যাসকেট ও প্রেশার রিলিফ ডিভাইস পরিবর্তনসহ তেলের লিকেজ সংক্রান্ত সমস্যার সমাধান এবং কনজারভেটর ট্যাংকের লেভেল গেজ পরিবর্তন"** দরপত্রের সকল নিয়ম ও শর্ত মেনে কাজটি সঠিক ভাবে সম্পাদন করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [..............................................................................................]

কথায়: [..........................................................................................]

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা কার্য সম্পাদন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত কার্যাদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ................................ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

দরদাতার স্বাক্ষর ও সিল

তারিখ:

**FORM-1**


## মূল্য তফশীল

| ক্রমিক নং | কার্যের নাম / বিবরণ | একক | পরিমাণ | একক দর (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ১টি স্টেপ আপ পাওয়ার ট্রান্সফর্মারের এলটি বুশিং গ্যাসকেট ও প্রেশার রিলিফ ডিভাইস পরিবর্তনসহ তেলের লিকেজ সংক্রান্ত সমস্যার সমাধান | লট | ১ | | |
| ২ | ১টি স্টেপ আপ পাওয়ার ট্রান্সফর্মারের কনজারভেটর ট্যাংকের লেভেল গেজ পরিবর্তন | লট | ১ | | |
| **সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ)** | | | | অংকে | |
| **কার্য সম্পাদনের ঠিকানা** | ময়মনসিংহ পাওয়ার স্টেশন, লালকুঠি দরবার শরীফ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। | | | | |
| **মোট মূল্য টাকায় (কথায়)** | | | | | |
| **প্রস্তাবিত সরবরাহ** | কার্যাদেশ জারির তারিখ থেকে .....................................দিনের মধ্যে। | | | | |


আমি/আমাদের দ্বারা এই মূল্য তফশীলের বর্ণিত প্রস্তাব .......................... দিন/মাস/বছর পর্যন্ত বৈধ।

| | |
|---|---|
| দরদাতার স্বাক্ষর ও সিল | |
| তারিখ: | |

<u>ট্রান্সফর্মারের নেমপ্লেটের ছবি</u>




ট্রান্সফর্মার নং – ১ (আইটেম-১)




ট্রান্সফর্মার নং – ২ (আইটেম-২)